জীবননগরে ভোক্তার অভিযান, দুই চালের মিল মালিককে জরিমানা

জীবননগরে অতিরিক্ত দামে চাল বিক্রি, ওজনে কম ও চাউলের ব্যান্ড নকল করার অপরাধে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করেন।

জীবননগর পৌর শহরের দত্তনগর রোডে মেসার্স এ এন জে এম অটো রাইস মিলে অভিযানে চালিয়ে দেখা যায় যথাযথভাবে পণ্য বিক্রয় না করা ও চাউলের ব্রান্ড নকল করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো.নাসির উদ্দিনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫০ ধারায় ৩০ হাজার টাকা এবং জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলায় অবস্থিত মেসার্স মা-বাবা এগ্রোফুড নামক অপর প্রতিষ্ঠানে চাউল ওজনে কম দেওয়া ও যথাযথভাবে চাল বিক্রয় না করার অপরাধে ৪৫ ও ৪৬ ধারায় প্রতিষ্ঠানের মালিক মোঃ শাজাহান আলীকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম জানান, অতিরিক্ত দামে চাল বিক্রি,চাউলের ব্যান্ড নকল করা এবং ওজনে কম দেওয়ার অপরাধে জীবননগরে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি সকল ব্যবসায়ীকে মূল্যতালিকা প্রদর্শন ও ক্রয়-বিক্রির ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেওয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়েছে।

ভ্রাম্যমাণ অভিযানে সহযোগিতা করেন, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ,জীবননগর উপজেলার স্যানিটারী ইন্সপেক্টর মোঃ আনিছুর রহমান এবং চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি টিম।

জীবননগরে ক্লিনিকের নার্সকে গলা কে*টে হ*ত্যা

জীবননগরে হাফিজা খাতুন (৩০) নামের এক নার্সকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল শনিবার রাত সাড়ে ৮টার দিকে পৌর এলাকার মা নার্সিং হোম ক্লিনিকের মধ্যে এ ঘটনা ঘটে।

হাফিজা খাতুন ওই ক্লিনিকের নার্স হিসেবে কর্মরত ছিলেন। ঘটনার সঙ্গে কারা জড়িত এটা এখনো জানা যায়নি।
ক্লিনিকের এক সহকর্মী জানান, রাতে ক্লিনিকের দ্বিতীয়তলায় হাফিজার সাথে আলাপচারিতা শেষে তৃতীয় তলায় যান। পরবর্তীতে কিছুক্ষন পর দ্বিতীয়তলায় এসে হাফিজাকে রক্তাক্ত অবস্থায় দেখেন তিনি। কারা এমন ঘটনা ঘটিয়েছে জানা নেই। পরে স্থানীয়দের সহযোগীতায় রক্তাক্ত অবস্থায় হাফিজা খাতুনকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষনা করেন।

তিনি আরও বলেন, সকালে নিহতের স্বামী এই ক্লিনিকে এসেছিলেন। হাফিজার সঙ্গে কোন কারণে বাকবিতণ্ডতা হয়। এরপরই সেখান থেকে তিনি চলে যান।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. রাগবির হাসান বলেন, হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে। ধারাল অস্ত্র দিয়ে গলা কেটে হত্যা করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দিন আল আজাদ (পিপিএম-সেবা) ও চুয়াডাঙ্গা সার্কেল এসপি জাকিয়া সুলতানা ঘটনাস্থল পরিদর্শন করেন।

জীবননগরে রাইস মিলের ফিতায় জড়িয়ে বৃদ্ধার মৃ*ত্যু

চুয়াডাঙ্গার জীবননগরে রাইস মিলের ফিতায় জড়িয়ে সুখীরন নেছা (৬২) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ৭টার দিকে জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের নিকেরীপাড়ায় এই বিপত্তি ঘটে।

নিহত সুখীরন নেছা (৬২) কেডিকে ইউনিয়নের কাশিপুর গ্রামের উত্তর পাড়ার মৃত আব্দুল মজিদের স্ত্রী।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি এস.এম জাবীদ হাসান।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সুখীরণ প্রচন্ড শীতকে উপেক্ষা করে সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার দেহাটি গ্রামের নিকেরী পাড়ায় শিমুলের ভাই ভাই রাইস মিলে কলাইয়ের ডালের বড়ি ভাঙ্গাতে যান।

এসময় অসাবধানতাবশত গায়ের চাদর চলন্ত মেশিনের ফিতায় জড়িয়ে যায়। বিদ্যুৎ চালিত চলন্ত মেশিনের ফিতায় জড়িয়ে পড়েন তিনিও। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস.এম জাবীদ হাসান জানান,খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ফোর্স পাঠানো হয়েছে। মরাদেহের সুরহাতাল করা হয়েছে। ওই বৃদ্ধার ছেলে থানায় এসে একটি অপমৃত্যুর মামলা করে গেছে।

জীবননগরে নদীর মাটি কেটে বিক্রয়; ২জনকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অবৈধভাবে ভৈরব নদীর মাটি উত্তোলন ও কেটে বিক্রি করার অপরাধে দুইজনকে ১লক্ষ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান

আদালত।

আজ বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারতলা গ্রামের বোয়ালমারী মাঠে অভিযান পরিচালনা করে এ জরিমানা আদায় করা হয়।

জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথী মিত্র এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার পেয়ারতলা গ্রামের বোয়ালমারী মাঠে অভিযান পরিচালনা করে অবৈধভাবে ভৈরব নদীর মাটি কেটে ও উত্তোলন করে ইট ভাটায় বিক্রি করার সত্যতা পান। অবৈধভাবে ভৈরব নদীর মাটি উত্তোলন ও কাটা এবং ইট ভাটায় বিক্রি করায় জমির মালিক মো.জসীম উদ্দিনকে ৫০ হাজার টাকা, ট্র্যাক্টরের মালিক মনোহরপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে বাবলুর রহমানকে একই ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন মোতাবেক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দুইজনকে সর্বমোট ১০০,০০০/= এক লক্ষ টাকা জরিমানা আদায় করেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র বলেন, অবৈধভাবে ভৈরদ নদী থেকে মাটি কাটা,উত্তোলন ও বিক্রিসহ বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হওয়ায় বালুমহল ও বালু ব্যবস্থাপনা আইনে ২জকে সর্বমোট ১লক্ষ টাকা অর্থদণ্ড প্রদান করে আদায় করা হয়।কৃষি জমি রক্ষায় ভ্রাম্যমাণ আদালতের এ অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

জীবননগরে অতিরিক্ত ঠান্ডায়’

রেললাইনে ফাটল, ৫ঘন্টা পর মেরামত

চুয়াডাঙ্গা জীবননগর উথলী রেললাইনে অতিরিক্ত ঠান্ডায় ফাটল দেখা দিয়েছে। এতে করে ট্রেন চলাচলে সাময়িক ধীরগতি দীর্ঘ ৫ঘন্টা পর মেরামত ।

আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে উথলী-দর্শনা রেললাইনের তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে এ ঘটনা ঘটে। এদিকে দীর্ঘ ৫ ঘন্টা চেষ্টার ফলে রেললাইন মেরামতের কাজ সম্পন্ন করছে কর্তৃপক্ষ।

স্থানীয় সুত্রে জানা গেছে, ঢাকাগামী চিত্রা এক্সপ্রেস উথলী রেলস্টেশন অতিক্রম করার পর উথলী-দর্শনা রেলপথের উথলী তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে রেললাইনে ফাটল দেখতে পান স্থানীয় এক ব্যক্তি। বিষয়টি রেলপথের নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্যদের জানান তিনি। পরে আনসার সদস্যরা রেললাইনের ওপর লাল পতাকা টানিয়ে দর্শনা অভিমুখী একটি মালগাড়ি খুলনা অভিমুখী ১৬ ডাউন মহানন্দ মেইল এবং পার্বতীপুর অভিমুখী ২৩ আপ রকেট মেইলকে ধীরগতিতে ঘটনাস্থল অতিক্রম করান।

উথলী রেলস্টেশনের স্টেশন মাস্টার আবু সাঈদ জানান, খবর পেয়ে রেললাইন মেরামতের কাজ শেষ করেছি। অতিরিক্ত ঠান্ডার কারণে এমন ঘটনা ঘটতে পারে। তবে ট্রেন চলাচল স্বাভাবিক আছে।

জীবননগর ধোপাখালীতে শীতার্থ ও দুঃস্থদের মাঝে কম্বল বিতরন

জীবননগর উপজেলার ধোপাখালী গ্রামে শীতার্থ দুঃস্থ প্রবীনদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ সকাল সাড়ে ১১টার দিকে জীবননগর উপজেলার ধোপাখালী প্রবীন কেন্দ্র থেকে দুঃস্থ প্রবীনদের মাঝে এসব কম্বল প্রদান করা হয়।

পল্লী সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ওয়েভ ফাউন্ডেশন প্রবীন কমিটি ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় ১২৫ জনকে কম্বল (শীতবস্ত্র) দেওয়া হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপত্বিত করেন বীর মুক্তিযোদ্ধা ও প্রবীন কমিটির সভাপতি বদর উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত জীবননগর উপজেলা প্রকল্প কর্মকতার্ মিজানুর রহমান, প্রবীন কমিটির (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক মহিউদ্দিন, সহ-সভাপতি সাংগঠনিক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আশরাফ আলী ও সাংগঠনিক সম্পাদক শামসুল আলম।

অনুষ্ঠান পরিচালনা করেন প্রকল্প সমন্বয়কারী আওয়াল হোসেন। সার্বিক সহযোগিতায় ছিলেন, সহকারী মেডিক্যাল অফিসার সোহেল রানা ও প্রোগ্রাম অফিসার আসাদুজ্জামান লিটন।

জীবননগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ

জীবননগর উপজেলায় বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই বিতরণ করা হয়েছে।

সারাদেশের ন্যায় জীবননগর উপজেলার ৭১টি প্রাথমিক, ৩২টি কিন্ডার গার্টেন ও ৭টি এবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ৯৫% ব্ই বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলার মাধ্যমিক পর্যায়ে ২৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ৭টি মাদ্রসা ও একটি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মাঝে নতুন বিতরণ করা হয়েছে।

জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক যাদব কুমারে সভাপতিত্বে বই বিতরণী অনুষ্ঠানে জীবননগর

উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আমজাদ হোসেন, উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, অভিভাবক ও শিক্ষকবৃন্দ।

জীবননগরে প্রবীণদের মাঝে কম্বল বিতরণ

জীবননগর শীতাত প্রবীণদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে সীমান্ত ইউনিয়নের শতাধীক প্রবীণদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সহ-সভাপতি রবিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,,উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকতা মোঃ মিজানুর রহমান,সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সাধারন সম্পাদক আজিজুল হক প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশন সীমান্ত ইউনিয়ন সমন্বয়কারী রবিউল ইসলাম বকুল।

জীবননগরে ডিবি পুলিশের অভিযানে

দুইশ পিচ ইয়াবাসহ আটক ২

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দুইশ পিচ ইয়াবা ট্যাবলেটসহ দুইজনকে আটক করেছে।

আজ বৃহসপ্রতিবার সকাল ৬টার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবার নির্দেশে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবির) অফিসার ইনচাজ মোঃ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে এসআই (নিঃ)/ সুমন্ত বিশ্বাস, জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গা সঙ্গীয় অফিসারএএসআই (নিঃ)/ মোঃ আবেদুর রহমান সহ সঙ্গীয় ফোর্স নিয়ে চুয়াডাঙ্গায় মাদক বিরোধী অভিযান চালিয়ে জীবননগর উপজেলার মোল্লাবাড়ির গ্রামের মোঃ শওকত আলীর তেলের দোকানের সামনে জীবননগর-দর্শনাগামী পাঁকা রাস্তার উপর হতে মহেশপুর উপজেলার তালসার গ্রামের মিজানুর রহমানের ছেলে মোঃ মেহেদী হাসান (২৬) এবং উথলী গ্রামের তোয়াজ উদ্দিনের ছেলে মোঃ জহুরুল ইসলামকে (২৫) দুইশ পিচ ইয়াবা ট্যাবলেটসহ আটক করে । আটককৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে জীবননগর থানায় নিয়মিত মামলা হয়েছে।

জীবননগরে ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিক্রয়ে জরিমানা

জীবননগর উপজেলার সুটিয়া গ্রামে ফসলি জমির জমির মাটি কেটে ইটভাটায় বিক্রি করায় তিনজনকে ৩৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার দুপুরের দিকে জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, বুধবার অভিযোগের পরিপ্রেক্ষিতে জীবননগরের সুটিয়া গ্রামে যান উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র। এসময় ফসলি

জমির মাটির কাটার প্রমাণ পান তিনি।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ আইন) ২০০৯ এর ৯৮(৩) ও ৮৯(২) ধারায় সুটিয়া গ্রামের মো. আজিজুল হককে ১৫ হাজার টাকা, জাহিদুল হককে একই ধারায় ১০ হাজার টাকা এবং আতিয়ার রহমানকে একই ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালতকে সহযোগীতা করেন জীবননগর থানা পুলিশ।